Registered
No. C. 853

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৫০ নয়া পয়সা। ২৲ দুই টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা ২৫ নয়া পয়সা

নগদ মূল্য ছয় নয়া পয়সা

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

## বহরমপুর এক্সরে ক্লিনিক

জল গম্বুজের নিকট

পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ

জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা

★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।

★ যথা সম্ভব কাজ করা আমাদের বিশেষত্ব।

★ কলিকাতার মত এক্সরে করা হয়।

★ দিবারাত্রি খোলা থাকে।

জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৪৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৫শে আষাঢ় বুধবার ১৩৬৪ ইংরাজী 10th July, 1957 { ৭ম সংখ্যা

১৮ই আষাঢ় ১৮৭৯ শকাব্দ




হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ১২ই আগষ্ট ১৯৫৭

১৯৫৩ সালের ডিক্রীজারী

১৫৭ থাং ডিঃ ধরমচাঁদ সেরাওগী দিং দেং শ্যামাপদ রায় দিং দাবি ১২১৯, থানা রঘুনাথগঞ্জ মৌজে নসীপুর ৬-৬৪ শতকের কাত ১৫৵১১ আঃ ৮০০৲ থং ২৪০ ; ২নং লাট মৌজাদি ঐ ৬-৪২ শতকের কাত ১৯।৶৮ আঃ ৬০০৲ থং ২৪১ ; ৩নং লাট থানা ঐ মৌজে নসীপুর ও কুতুবপুর ২-৪৪ শতকের কাত ৯॥৶২ আঃ ৩০০৲ থং ২৪৩, ১৫৪ ; ৪নং লাট থানা ঐ মৌজে পিয়ারাপুর ২-৩২ শতকের কাত ৪৶৬ আঃ ৪০০৲ থং ২৭০

১৯৫৭ সালের ডিক্রীজারী

১৪ থাং ডিঃ ফুলচাঁদ শেঠী দেং শ্যামাপদ রায় দাবি ১৪৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বহড়া ৮৬ শতকের কাত ২॥৶১০ আঃ ২০৲ থং ৪৭৬

১৫ থাং ডিঃ ঐ দেং সাত্তার আলি বিশ্বাস দাবি ২৫ টাকা ৮৪ নঃ পঃ থানা ঐ মৌজে কাশিয়াডাঙ্গা ৪-১ শতকের কাত ১/৫ আঃ ২০৲ থং ২২

২১ থাং ডিঃ ঐ দেং ফজরালী সেখ দিং দাবি ১৪ টাকা ২ নঃ পঃ থানা ঐ মৌজে নসীপুর ১-১০ শতকের কাত ৩।৶২ আঃ ১০৲ থং ১৯৭

৫৪ থাং ডিঃ কিশোরীমোহন সিংহ দেং অমিয়মোহন রায় দিং দাবি ৩০ টাকা ৫০ নঃ পঃ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ২৪ শতকের কাত নিজাংশে ৪৲ আঃ ১০৲ থং ৪৯৩ অধীনস্থ থং ৪৯৪

৩৪ থাং ডিঃ সেবাইতগণ পক্ষে সুবোধচন্দ্র সরকার কমন ম্যানেজার দেং ইয়াদ হোসেন মণ্ডল দাবি ৬২ টাকা ৬১ নঃ পঃ থানা সাগরদীঘি মৌজে উদয়নগর ২-৭ শতকের কাত ১১।৶৯ আঃ ২৫৲ থং ২৮

৩৫ থাং ডিঃ ঐ দেং আরিয়ত সেখ দিং দাবি ৪৫ টাকা ১৫ নঃ পঃ থানা ঐ মৌজে গাঙ্গাড্ডা ১৭৪ শতকের কাত ১০।৶৫ আঃ ২২৲ থং ৬৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

২৫শে আষাঢ় বুধবার সন ১৩৬৪ সাল।

### স্বাধীনতা লাভের পর

## ভারতের চরম আর্থিক সঙ্কট

—০—

লণ্ডনের দৈনিক 'ফিনান্সিয়াল টাইমস' ১৭ই জুন বলিয়াছেন যে, পশ্চিমীদের স্বার্থেই ভারতের দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনা সাফল্যমণ্ডিত হওয়া প্রয়োজন। মার্কিণ প্রেসিডেণ্টের প্রস্তাবিত ৫০ কোটি ডলার উন্নয়ন তহবিল পরিকল্পনা যদি কংগ্রেস কর্তৃক অনুমোদিত হয় তাহা হইলে মার্কিণ যুক্তরাষ্ট্র সরকার ভারতের জন্য সাহায্যের পরিমাণ বাড়াইয়া দিতে পারেন।

সম্পাদকীয় প্রবন্ধে 'ফিনান্সিয়াল টাইমস' লিখিয়াছেন—'শ্রীনেহরু যে সময় কমনওয়েল্থ প্রধান মন্ত্রী সম্মেলনে যোগদানের জন্য লণ্ডনে আসিতেছেন, সেই সময় ভারতে যে আর্থিক সঙ্কট দেখা দিয়াছে সেরূপ আর স্বাধীনতা লাভের পর দেখা যায় নাই।

আন্তর্জাতিক তহবিল হইতে যে ২০ কোটী ডলার পাওয়ার কথা ছিল তাহার শেষ কিস্তি ৭ কোটি ২০ লক্ষ ডলার ভারত গত সপ্তাহে তুলিয়া লইয়াছে এবং মজুত ষ্টার্লিংএর পরিমাণ ৩৪ কোটিতে আসিয়া ঠেকিয়াছে—অর্থাৎ কারেন্সির জন্য যে পরিমাণ ষ্টার্লিং মজুত থাকা প্রয়োজন, তাহার অপেক্ষা মাত্র ৪ কোটি ষ্টার্লিং বেশী আছে।

কারেন্সী রিজার্ভ হিসাবে ৩০ কোটি ষ্টার্লিং মজুত রাখার জন্য ভারতের সহিত বৃটেনের যে চুক্তি আছে তাহার মেয়াদ এই মাসের শেষেই ফুরাইবে। কিন্তু এই মজুতের পরিমাণ যাহাতে ইহার অপেক্ষা কমিয়া না যায় সেদিকে লক্ষ্য রাখিবার নিজস্ব কারণ ভারতীয় কর্তৃপক্ষের আছে। কিঞ্চিদধিক এক বৎসরের মধ্যে ভারতের মজুত ষ্টার্লিংএর পরিমাণ অর্ধেক হইয়া গিয়াছে এবং এইভাবে ব্যয় হইতে থাকিলে পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রায় তিন বৎসর বাকী থাকিতেই মজুত আর কিছু থাকিবে না। টাকা সম্বন্ধে যদি আস্থা বজায় রাখিতে হয়, শীঘ্রই ষ্টার্লিং তুলিয়া লওয়া বন্ধ করিতে হইবে এবং এখনও ইহার সময় আছে।

### মুদ্রাস্ফীতি

ভারতের কতকগুলি অসুবিধা আভ্যন্তরীণ। গত বৎসর হইতে মুদ্রাস্ফীতি আয়ত্তের বাহিরে চলিয়া যাইতে দেওয়া হইয়াছে, পাইকারী মূল্যমান ২০ শতাংশ বৃদ্ধি পাইয়াছে। শ্রীকৃষ্ণমাচারীর বাজেটে যে অতিরিক্ত ৮ কোটি ট্যাক্স আদায়ের ব্যবস্থা করা হইয়াছে তাহাতে আভ্যন্তরীণ ব্যয় সঙ্কোচের অনেক সুবিধা হইবে। আমদানী লাইসেন্স সম্বন্ধেও কড়াকড়ি করা হইয়াছে।

### কৃষ্ণমাচারীর আশাপূর্ণ ভাষণ

২৯শে জুন, বোম্বাই নগরে বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রী সম্মেলনে কেন্দ্রীয় অর্থমন্ত্রী শ্রীকৃষ্ণমাচারী তাঁহার সভাপতির ভাষণে বলেন—সেভিংস্ সার্টিফিকেটে সুদের হার বাড়ান হইয়াছে বিভিন্ন রাজ্য সরকারের পক্ষে ব্যক্তিগত সঞ্চয়ের মারফৎ টাকা তোলার ইহাই প্রকৃষ্ট পন্থা।

শ্রীকৃষ্ণমাচারী বলেন যে, গত বৎসরে যে অর্থ সংগৃহীত হইয়াছিল তাহার পরিমাণ হইতেছে ৬২ কোটি ৭০ লক্ষ টাকা। এই বৎসরে ইহা ৮৩ কোটি টাকা হইবে বলিয়া তিনি আশা করেন। রাজ্য সরকারগুলির সহযোগিতা থাকিলে ইহা ১২০ কোটি টাকাও হইতে পারে। তিনি জানান যে, কেন্দ্রীয় সরকার বাজার হইতে ১০০ কোটি টাকা ঋণ সংগ্রহের সিদ্ধান্ত করিয়াছেন। তন্মধ্যে ৩২ কোটি টাকা "কন্ভার্সান লোন"-এর অন্তর্ভুক্ত। বাকী ৬৮ কোটি "ক্যাশ সাবস্ক্রিপসান"-এর মারফৎ সংগৃহীত হইবে।

সম্মেলনে নিম্নলিখিত কয়েকটি প্রস্তাব করা হয়:—১। কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকার সম্মিলিতভাবে ঋণ সংগ্রহ করিবেন এবং কেন্দ্রীয় সরকারের প্রয়োজনীয় ৭০ কোটি টাকা মিটিয়া যাইবার পর বাকী টাকা বিভিন্ন রাজ্য সরকারের মধ্যে বণ্টন করা হইবে। ২। রাজ্য সরকারগুলি তাঁহাদের নিজেদের ঋণ নিজেরাই সংগ্রহ করিবেন এবং উহার এক তৃতীয়াংশ নিজেদের জন্য রাখিয়া বাকী দুই-তৃতীয়াংশ কেন্দ্রীয় সরকারের হইবে। ৩। বিভিন্ন রাজ্যের অর্থমন্ত্রীরা নিজ নিজ মন্ত্রীসভার সহিত আলোচনা করিয়া তাঁহাদের সিদ্ধান্ত কেন্দ্রীয় সরকারের নিকট আগামী জুলাই-এর প্রথম সপ্তাহে জানাইবেন।

অন্ধ্র, বোম্বাই, কেরালা, মাদ্রাজ, মধ্যপ্রদেশ, মহীশূর, রাজস্থান এবং উঃ প্রদেশের অর্থমন্ত্রিগণ, বিহার, উড়িষ্যা ও পঃ বঙ্গের প্রতিনিধিগণ, রিজার্ভ ব্যাঙ্কের গভর্ণর শ্রী এইচ, ভি, আর, আয়েঙ্গার, ষ্টেট ব্যাঙ্কের চেয়ারম্যান শ্রী পি, সি, ভট্টাচার্য, কেন্দ্রীয় সরকারের অর্থ দপ্তরের সেক্রেটারী শ্রী এইচ, এম, প্যাটেল সম্মেলনে যোগদান করেন।

এখন ভরসা কৃষ্ণমাচারী! রাখে কৃষ্ণ মারে কে!

---

### শ্মশানতন্ত্র

( রামপ্রসাদী সুরের রস-গীতি )

॥ শ্রীসু-মো-দে ॥

শ্মশানতন্ত্রে শ্মশানযাত্রা
সুরু হ'ল ভারতবাসীর,
করের ঠ্যালায় নাস্তানাবুদ
ঝরছে বেয়ে দু'চোখে নীর।
উপর তলার নেতৃপ্রবর
টাটার লোহায় গড়া অন্তর,
হাঁকছে জোরে বাড়ছে নাকি
ক্রয়ক্ষমতা দুঃস্থ জাতির।
ছিয়াত্তরের মন্বন্তরে
হয়নি নাকাল এমন করে,
ভাতের হাঁড়ি করছে চুরি
ক্রয়ক্ষমতা প্রমাণ গভীর!
স্বাধীন দেশের নরক চিত্র
করছে শাসন অসুরবৃত্র,
নিত্য নতুন বাড়ায় অভাব
পরিধেয় ভাত জ্বালানির।
উদর ভরাও আধ সের ভাতে
তার বেশী ভাই নাই বরাতে,
রাম রাজত্বের সুদৃষ্টান্ত
বলিহারি খাদ্যনীতির।

টেক্সর চাপে মরল জাতি
পাঁচশালা দেয় স্বর্গবাতি,
সিন্‌দ্রি সারের ভাক্‌রা থালের
গুমোর করে ময়ুরাক্ষীর।
শাস্তি দিতে অক্ষম যদি
আঁকড়ে কি কাজ রাষ্ট্রগদী,
খাচ্ছে খাবি সমাজতন্ত্র
কল্যাণরাষ্ট্র ধোঁকাবাজীর।
শ্মশানতন্ত্রে শ্মশানযাত্রা
সুরু হ'ল ভারতবাসীর।

---

## শিক্ষক আবশ্যক

জঙ্গীপুর উচ্চতর বিদ্যালয় প্রাথমিক বিভাগের জন্য অবিলম্বে একজন ম্যাট্রিক পাশ ( জি-টি হইলে ভাল হয় ) শিক্ষক প্রয়োজন। বেতন সরকারী মহার্ঘ ভাতা বাদে স্কুল ডি-এ সহ ৩২৲ টাকা। দরখাস্তের শেষ তারিখ ২৭।৭।৫৭।

শ্রীমুক্তিপদ চট্টোপাধ্যায়, সেক্রেটারী
জঙ্গীপুর উচ্চতর বিদ্যালয়, প্রাথমিক বিভাগ
পোঃ জঙ্গীপুর ( মুর্শিদাবাদ )

## সরকারী বিজ্ঞপ্তি

নিম্নোক্ত বাসরুট সংক্রান্ত স্থায়ী পারমিটের জন্য নির্দিষ্ট ফর্মে ( অফিসে প্রাপ্তব্য ) আবেদন আহ্বান করা যাইতেছে। নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন-পত্র দাখিলের শেষ দিন ২৬শে জুলাই, ১৯৫৭। রাধারঘাট—কান্দী রুট···একটি পারমিট ; বহরমপুর—কা ত লা মা রী রুট লালবাগ হইয়া···একটি পারমিট। পাবলিক ক্যারিয়ার পারমিট প্রদানের এবং ষ্টেজ ক্যারেজ ও পাবলিক ক্যারিয়ারের পারমিটসমূহ পুনর্নবীকরণের জন্য আবেদনকারী ব্যক্তিদের একটি তালিকা মুর্শিদাবাদ আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষের বিজ্ঞপ্তি-ফলকে এবং ঐ জেলার অভ্যন্তরস্থ মহকুমা অফিসসমুহের বিজ্ঞপ্তি-ফলকেও টাঙ্গাইয়া দেওয়া হইয়াছে। এ সম্পর্কে কাহারও কোন বক্তব্য থাকিলে তাহা নিম্নস্বাক্ষরকারী কর্ত্তৃক এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে গৃহীত হইবে। ( স্বাঃ ) আর, এন, রায়, সচিব, আঞ্চলিক পরিবহন কর্ত্তৃপক্ষ, মুর্শিদাবাদ। ৩.৭.৫৭

## বকরঈদ পর্ব্ব উপলক্ষে প্রকাশ্য স্থানে গো-কোরবানী লইয়া পুলিশের সহিত সংঘর্ষ

গত ৯ই জুলাই মঙ্গলবার, জঙ্গিপুর মহকুমায় সুতি থানার অন্তর্গত ডাঁই গ্রামে প্রকাশ্য স্থানে গো-কোরবানী ব্যাপার লইয়া প্রহরারত পুলিশের সহিত মুসলমানগণের বাকবিতণ্ডা আরম্ভ হয়। সরকারী নির্দ্দেশ অনুসরে ঘেরা দেওয়া স্থানে কোরবানী করিতে বলায় মুসলমান জনতা উত্তেজিত হইয়া একজন পুলিশকে ধারাল অস্ত্র দিয়া আঘাত করে। আহত পুলিশ ভূপতিত হয়। জনতার মধ্য হইতে কয়েকজন আহত পুলিশের বন্দুকটি ছিনাইয়া লইয়া অপর পুলিশের বন্দুক ছিনাইয়া লইবার চেষ্টা করে সে বেগতিক দেখিয়া আত্মরক্ষার্থ গুলি চালাইতে বাধ্য হয়। ফলে দুইজন মুসলমান গুলিবিদ্ধ হইয়া মারা যায় এবং একজন আহত হয়। উত্তেজিত জনতা পুলিশের বন্দুক দুইটি কাড়িয়া লয় এবং উহাদিগকে ভীষণভাবে প্রহার করে। প্রহারের ফলে উহাদের সংজ্ঞা লোপ পায়।

খবর পাইয়া একদল সশস্ত্র পুলিশসহ মহকুমা শাসক, মহকুমা পুলিশ অফিসার ও সার্কেল ইন্‌সপেক্টর ঘটনাস্থলে গমন করেন এবং অবস্থা আয়ত্তে আনেন। পলায়নরত ১৭ জন মুসলমানকে পুলিশ গ্রেপ্তার করে। জেলা শাসক, পুলিশ সুপারিণ্টেণ্ডেণ্ট ও ডি-আই-জি মিঃ মাসুদ ঘটনাস্থল পরিদর্শন করেন। সরকারের সশস্ত্র পুলিশের জীবন যখন মুসলমানগণের হস্তে এরূপভাবে বিপন্ন তখন উক্ত গ্রামের মুষ্টিমেয় হিন্দুর অবস্থা সহজেই অনুমেয়।

পুলিশদল বহু খোঁজাখুঁজির পর এক মসজিদ হইতে বন্দুক দুইটি উদ্ধার করিয়াছে। সাংঘাতিকভাবে আহত পুলিশ দুইটি বর্ত্তমানে বহরমপুর হাসপাতালে আছে। কাহার উস্‌কানিতে এই ঘটনা ঘটিয়াছে তাহা বিশেষভাবে তদন্ত করার জন্য পশ্চিম বঙ্গের মাননীয় প্রধান মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## করদাতা সমিতি

গণতান্ত্রিক সমাজ-ব্যবস্থায় সংহত চেষ্টার মাধ্যমে ন্যায়সংগত দাবী প্রতিষ্ঠা করার যুক্তি জনসাধারণ মাত্রেই স্বীকার করেন এবং এও স্বীকার করেন যে, মিলিত চেষ্টা ব্যতিরেকে বৃহত্তর কোন কর্ম্মের দায়িত্ব গ্রহণ করা বা তাহাকে সার্থক করিয়া তোলা এ যুগে সম্ভব নহে।

জঙ্গিপুর পৌরসভার করদাতাগণের অভাব-অভিযোগ প্রচুর, ন্যায্য দাবীও অনেক, অথচ তাহাদের এমন কোন প্রতিষ্ঠান নাই যাহার মাধ্যমে কর্ত্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা যায়। তাই গত ২৭শে জুন, ১৯৫৭ তারিখে করদাতাগণের একটি সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে অবিলম্বে একটি শক্তিশালী 'করদাতা সমিতি' গঠন করা হইবে, যে সমিতি করদাতাগণের প্রত্যেকটি অভাব ও অসুবিধার কথা কর্ত্তৃপক্ষের দৃষ্টিগোচর করিবে এবং যাহাতে তাঁহারা সুবিচার পান তাহার জন্য আপ্রাণ চেষ্টা করিবে। আপাততঃ এই সমিতি গঠনের দায়িত্ব একটি অন্তর্বর্ত্তীকালীন সমিতির উপর ন্যস্ত হইয়াছে।

জঙ্গিপুর পৌরসভার সাধারণ নির্বাচন আসন্ন। নির্বাচন যাহাতে সুষ্ঠু এবং ন্যায়সংগত হয় সেই সম্বন্ধে সচেতন থাকা প্রত্যেকটি ভোটারের অবশ্য কর্ত্তব্য।

করদাতাগণের দীর্ঘদিনের পুঞ্জীভূত অসন্তোষ দূর করার জন্য এই যে প্রয়াস তাহাকে সার্থক করিয়া তুলিতে প্রত্যেকেই সচেষ্ট হইবেন, ইহাই আমার দৃঢ় বিশ্বাস। জঙ্গিপুর পৌরসভার অন্তর্গত প্রত্যেক করদাতা, ভোটার এবং শুভাকাঙ্ক্ষীর নিকট আমার বিনীত আবেদন, 'করদাতা সমিতি' গঠনের যে দায়িত্ব আমরা গ্রহণ করিয়াছি তাহাকে শক্তিশালী এবং পূর্ণাঙ্গ করিবার জন্য তাঁহারা আগাইয়া আসুন ; শক্তি, বুদ্ধি ও সহযোগিতা দিয়া আমাদের সাহায্য করুন, করদাতাগণের দীর্ঘদিনের অসন্তোষ দূর হোক, আমাদের সকলের ন্যায্য দাবী প্রতিষ্ঠিত হোক।

বিনীত—শ্রীবিশ্বনাথ দাস
সম্পাদক, জঙ্গিপুর অন্তর্বর্ত্তীকালীন করদাতা সমিতি
৪ঠা জুলাই, ১৯৫৭




## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১৮

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

## মরা মানুষ বাঁচাইবার উপায়ঃ—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ১৶০ এক টাকা তিন আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর ( মুর্শিদাবাদ

ঘড়ি, টর্চ, ফাউন্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্
এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত